ঝিনাইদহে তিন ফসলী জমিতে অটোরাইস মিল নির্মাণ বন্ধের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহে আবাসিক এলাকা ও ৩ ফসলী জমিতে অটোরাইস মিল নির্মাণ বন্ধের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে সদর উপজেলার কাশিমপুর গ্রামের মহাসড়কের পাশে এ কর্মসূচীর আয়োজন করে গ্রামবাসী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ওই এলাকার কৃষক, শ্রমিক, দিনমজুর, শিক্ষার্থীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে ওই গ্রামের সোহরাব হোসেন,আবু তালেব মোল্লা, জামাল হোসেন, সাইফুল মন্ডল, মাহবুব মোল্লাসহ স্থানীয়রা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা অভিযোগ করেন, মহাসড়কের পাশে ৩ ফসলী জমিতে ইউনুস আলী নামের এক ব্যবসায়ী অটোরাইস মিল নির্মাণ করছে। তাদের দাবি, মিলটি নির্মিত হলে পরিবেশ দূষণ, কৃষিজমির ক্ষতি এবং স্থানীয় বাসিন্দাদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হবে। তাই দ্রুত ওই স্থানে অটোরাইস মিল নির্মাণ বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেন তারা।

মহেশপুরে হাটের খাজনা আদায়ে বাধা দেওয়ার অভিযোগ

ঝিনাইদহের মহেশপুরে ইজারা নেওয়ার সরকারি হাট থেকে খাজনা আদায়ে বাঁধা দেওয়ার অভিযোগ উঠেছে প্রভাবশালীদের বিরুদ্ধে। এ ঘটনার প্রতিবাদে ঝিনাইদহ প্রেসক্লাবের সংবাদ সম্মেলন করেছে হাটের ইজারাদার আতিকুর রহমান লেন্টু।

মঙ্গলবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সংবাদ সম্মেলনে ইজারাদার

লেন্টু অভিযোগ করেন, মহেশপুর উপজেলার গৌরিনাথপুর ও আদমপুর হাট সরকারি টেন্ডারের মাধ্যমে সর্বোচ্চ দরদাতা হিসেবে ইজারা পান তিনি।

এখন খাজনা আদায় করতে গেলে স্থানীয় প্রভাবশালী ইসমাইল হোসেন, সোহাগ সরকার ও ফারুক হোসেন বাঁধা দিচ্ছে। সেই সাথে ব্যবসায়ী ও কৃষকদের কাছ থেকে তারা টাকা আদায় করছে।

ইজারাদার লেন্টু আরও অভিযোগ করেন, হাটে আমার মনোনীত ব্যক্তি খাজনা আদায় করতে গেলে মারধর করা হচ্ছে। কিছু বললে উল্টো হত্যার হুমকি দেওয়া হচ্ছে।

এই নিয়ে মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা, স্থানীয় সরকারের উপ-পরিচালকের বরাবর অভিযোগ দিয়েও কোন সুরাহা হয়নি। সঠিকভাবে সরকারি ভাবে পাওয়া হাটের ইজারা আদায়ের ব্যবস্থা করতে সংশ্লিস্টদের হস্তক্ষেপ কামনা করেন তিনি।
এ ব্যাপারে অভিযুক্ত সোহাগ সরকার বলেন, আমরা টাকা আদায় করছি না। হাটের আড়তদাররা কমিশন নিচ্ছে।

শৈলকুপায় প্রতিপক্ষের হামলায় আহত ভ্যানচালকের মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার বগুড়া গ্রামে বিএনপির দুই গ্রুপের মধ্যে আধিপত্য বিস্তার নিয়ে কোন্দলের জেরে প্রতিপক্ষের হামলায় গুরুতর আহত ভ্যানচালক একেন আলী মোল্লা (৫৮) মারা গেছেন।

সোমবার রাতে উন্নত চিকিৎসার জন্য ফরিদপুর থেকে ঢাকা নেওয়ার পথে মধ্যরাতে তার মৃত্যু হয়। নিহত একেন আলী মোল্লা বগুড়া গ্রামের আদালত মোল্লার ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, শৈলকুপার বগুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর আওয়াল এবং সাধারণ সম্পাদক জামির হোসেনের সমর্থকদের মধ্যে এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। গত

বৃহস্পতিবার (২৫ জুন) সাধারণ সম্পাদক জামির হোসেনের সমর্থক এনা শেখকে ইয়াবাসহ আটক করে পুলিশ। জামিরের পক্ষের লোকজনের ধারণা ছিল, সভাপতি আব্দুর আওয়ালের সমর্থক মতিয়ার রহমানই পুলিশকে তথ্য দিয়ে এনাকে ধরিয়ে দিয়েছেন।

এই ঘটনার জের ধরে ওইদিনই জামিরের লোকজন মতিয়ারের ওপর হামলা চালায়। পরবর্তীতে এর কাউন্টার হিসেবে আওয়ালের সমর্থকরা পাল্টা জামির হোসেনের দলীয় কার্যালয়ে ভাঙচুর চালায়। উভয় পক্ষের এই উত্তেজনা রূপ নেয় বড় সংঘর্ষে। গত শনিবার (২৭ জুন) সকালে জামির হোসেনের সমর্থকরা দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে আব্দুর আওয়ালের লোকজনের বাড়িঘরে অতর্কিত হামলা চালায়।

হামলায় অন্তত ৫টি বাড়িঘর ভাঙচুরসহ ভ্যানচালক একেন আলী মোল্লাকে ধারালো অস্ত্রর দিয়ে কুপিয়ে জখম করা হয়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করেন। সেখানে অবস্থার অবনতি হলে সোমবার তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। তবে ঢাকায় পৌঁছানোর আগেই সোমবার মধ্যরাতে তার মৃত্যু হয়।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার বিল্লাল হোসেন জানান, সামাজিক ও রাজনৈতিক আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষে আহত এক ব্যক্তির মৃত্যু হয়েছে। এলাকার পরিস্থিতি এখন পুলিশের নিয়ন্ত্রণে রয়েছে। ঘটনার সাথে জড়িতদের আটকে পুলিশি অভিযান চলছে। তিনি বলেন, একেন আলী মোল্লা আহত হওয়ার পর যে মামলাটি করা হয়েছিল সেটা হত্যা মামলায় রুপান্তরিত করা হবে।

ঝিনাইদহে কৃষকদের মাঝে ‘মিনি গার্ডেন টিলার’ বিতরণ

ঝিনাইদহে কৃষকদের মাঝে মিনি গার্ডেন টিলার বিতরণ করা হয়েছে।

সোমবার (২৯ জুন) দুপুরে সদর উপজেলা কৃষি অফিসের আয়োজনে এই টিলার বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

এসময় যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় হলিধানি ইউনিয়নের কৃষক সুমন হোসেন, কুমড়াবড়িয়া ইউনিয়নের রবিউল ইসলাম ও নলডাঙ্গা ইউনিয়নের মিলন হোসেনকে বিনামূল্যে মিনি গার্ডেন টিলার প্রদান করা হয়।

এসময় সদর উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ-নবী,অতিরিক্ত কৃষি কর্মকর্তা জুনাইদ হাবীব,সহকারী কৃষি সম্পসারণ কর্মকর্তা বিজন কুমার,ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও এসএটিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ,উপ-সহকারী কৃষি কর্মকর্তা মফিজ উদ্দিন সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

টিলার বিতরণকালে কৃষি কর্মকর্তা নুর-এ নবী বলেন,ফলদ ও বনজ বাগানে বড় পাওয়ার টিলার দিয়ে চাষ করতে নানা ধরণের অসুবিধা হয়। সেখানে মিনি গার্ডেন টিলার দিয়ে সহজেই জমি চাষাবাদ করা সহজ। এমনকি বড় জমিতেও এ টিলার দিয়ে চাষাবাদ করা যাবে।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় স্কুল শিক্ষার্থীর মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ভাটই বাজার এলাকায় পিকআপ ও মোটর সাইকেল এর মুখোমুখি সংঘর্ষে তীর্থ বিশ্বাস (১৭) নামের এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে ।

সোমাবার (২৯ জুন) সকাল ১১ টার দিকে এ দূর্ঘটনা ঘটে।

তীর্থ বিশ্বাস উপজেলার ভাটই গ্রামের তপন কুমার বিশ্বাসের ছেলে ও ভাটই মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী। এই ঘটনায় অভিযুক্ত পিকআপ টি আটক করেছে ঝিনাইদহের হাইওয়ে পুলিশ।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকালে মোটরসাইকেল যোগে বাড়ি থেকে ঝিনাইদহ শহরের দিকে যাচ্ছিল তীর্থ বিশ্বাস। পথিমধ্যে ভাটই বাজার

সংলগ্ন ভাটই সরকারী কলেজের সামনে পৌছালে সামনে থাকা একটি পিকআপকে অভারটেক করে এগোতে গিয়ে ঝিনাইদহ থেকে কুষ্টিয়াগামী অপর একটি পিকআপ এর সাথে মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে সে গুরুতর হয়। এ আহত অবস্থায় তাকে উদ্ধার করে সদর হাসপাতালে আনলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এবিষয়ে ঝিনাইদহ আরাপপুর হাইওয়ে থানার ওসি জাহানুর আলী ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ঘটনার পর ঘাতক পিকআপটি আটক করা হয়েছে এবং মৃতদেহ মর্গে পাঠানো হয়েছে।

কালীগঞ্জে ধর্ম নিয়ে কটূক্তির অভিযোগে এক যুবক আটক

ইসলাম ধর্ম নিয়ে কটূক্তির অভিযোগে ঝিনাইদহের কালীগঞ্জে প্রশান্ত কুমার দাস (৪৮) নামে সনাতন ধর্মাবলম্বী এক যুবককে আটক করেছে কালীগঞ্জ থানা পুলিশ। প্রশান্ত কালীগঞ্জ শহরের কলেজপাড়া এলাকার মৃত ননী গোপাল দাসের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, রোববার (২৮ জুন) বেলা ১২ টার দিকে শহরের কলেজ রোডে সুবোধ দেবনাথের তন্ময় স্টোর নামে একটি চায়ের দোকানে কয়েকজন ব্যক্তি বসে চা পান ও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করছিলেন। এ সময় উপস্থিত একজন বলেন, ইসলাম শান্তির ধর্ম।

এসময় প্রশান্ত কুমার দাস ইসলাম ধর্ম সম্পর্কে মুখ খিস্তি করে আপত্তিকর মন্তব্য করেন বলে জানা যায়, এতে সেখানে উপস্থিত কয়েকজন মুসলিম প্রতিবাদ জানালে তিনি দ্রুত স্থান ত্যাগ করে বাড়িতে চলে যায়।

পরে বিষয়টি পুলিশকে জানানো হলে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি এড়াতে পুলিশ তার বাড়িতে গিয়ে তাকে থানায় নিয়ে আসে। ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।

প্রত্যক্ষদর্শী এরশাদ ও আরিফ হোসেন বলেন, তারা চায়ের দোকানে

বসে চা পান ও গল্প করছিলেন। এ সময় প্রশান্ত কুমার দাস ইসলাম ধর্ম নিয়ে আপত্তিকর মন্তব্য করেন। তারা এর প্রতিবাদ করলে তিনি দ্রুত সেখান থেকে চলে যায়। পরে পুলিশ এসে তাকে জিঞ্জাসাবাদেও জন্য জন্য থানায় নিয়ে যায।

কালীগঞ্জ থানার সেকেন্ড অফিসার এসআই মনিরুজ্জামান বলেন, ইসলাম ধর্ম নিয়ে কটূক্তির অভিযোগ পাওয়ার পর প্রশান্ত কুমার দাসকে থানায় আনা হয়েছে। অভিযোগটি তদন্ত করে সত্যতা পাওয়া গেলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। ঘটনার বিষয়ে তদন্ত চলছে এবং পরিস্থিতি স্বাভাবিক রাখতে এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে।

ঝিনাইদহে জাতীয় ভিটামিন এ-প্লাস ক্যাম্পেনের উদ্বোধন

‎ঝিনাইদহে জাতীয় ভিটামিন এ-প্লাস ক্যাম্পেইনের মাধ্যমে শিশুদের ভিটামিন এ-প্লাস ক্যাপসুল খাওয়ানো শুরু হয়েছে।

এ ক্যাম্পেইনের মাধ্যমে জেলার ৬টি উপজেলার ১ হাজার ৭৮৫টি টিকাকেন্দ্রের মাধ্যমে ২ লাখ ৫৮ হাজার শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

‎রবিবার (২৮ জুন) শহরের পুরাতন হাসপাতাল চত্বরে সদর উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে ক্যাম্পেইনের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়। ক্যাম্পেইন চলাকালে জেলার ৬টি উপজেলায় ৬ থেকে ৬০মাস বয়সী মোট ২ লাখ ৫৮ হাজার শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে বলে জানান।

জেলা সিভিল সার্জন ডা.কামরুজ্জামান শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর মধ্যদিয়ে এ ক্যাম্পেইনের উদ্বোধন ঘোষণা করেন।

সেসময় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্রনাথ রায়, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মিথিলা ইসলাম, শিশু রোগ বিশেষজ্ঞ ও ঝিনাইদহ ২৫

শয্যা শিশু হাসপাতালের পরিচালক মিশুরোগ বিশেষজ্ঞ ডা. আলী হাসান ফরিদ (জামিল), প্রেসক্লাবের সভাপতি আসফ ইকবাল মাখনসহ স্বাস্থ্য বিভাগের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

কোটচাঁদপুরে ১৩ পিস ইয়াবাসহ দুই মাদক কারবারি গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুরে থানা পুলিশের মাদকবিরোধী বিশেষ অভিযানে ১৩ পিস ইয়াবা ট্যাবলেটসহ দুই চিহ্নিত মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে কোটচাঁদপুর পৌরসভার মেইন বাসস্ট্যান্ড এলাকায় গোল্ডেন লাইন পরিবহনের কাউন্টারের সামনে অভিযান চালিয়ে তাদের হাতেনাতে আটক করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, কোটচাঁদপুর থানা এলাকায় মাদক উদ্ধার ও গ্রেফতারি পরোয়ানা তামিলের দায়িত্ব পালনকালে গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন এসআই (নি.) অমিত কুমার সাহা। এ সময় তাঁর সঙ্গে সঙ্গীয় পুলিশ সদস্যরাও উপস্থিত ছিলেন।

গ্রেফতারকৃতরা হলেন, কোটচাঁদপুর উপজেলার গুড়পাড়া গ্রামের রবিউল ইসলামের ছেলে মোহাম্মদ ইব্রাহিম (২৬) এবং বাসস্ট্যান্ড পূর্বপাড়া এলাকার মোশারফ হোসেনের ছেলে ইমরান সিদ্দিক (৩৫)।

কোটচাঁদপুর থানা পুলিশ জানায়, গ্রেফতারকৃতদের কাছ থেকে ১৩ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত ইয়াবাগুলো জব্দ তালিকাভুক্ত করা হয়েছে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা শেষে তাদের আদালতে সোপর্দ করা হবে।

পুলিশ আরও জানায়, মাদকের বিরুদ্ধে সরকারের ‘জিরো টলারেন্স’ নীতি বাস্তবায়নে কোটচাঁদপুর থানা পুলিশের বিশেষ অভিযান ভবিষ্যতেও

অব্যাহত থাকবে।

ঝিনাইদহে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস পালিত

‘মাদক সমস্যার বৈশ্বিক অবস্থা: চলমান সংকট, নতুন নতুন প্রতিবন্ধকতা এবং তা মোকাবেলায় প্রয়োজন উদ্ভাবনী পদক্ষেপ’ এই প্রতিপাদ্যে ঝিনাইদহে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস পালিত হয়েছে।

আজ শুক্রবার সকালে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে হয় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে জেলা প্রশাসক নোমান হোসেন, জেলা পরিষদের প্রশাসক এ্যাড. এম এ মজিদ, পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাসান, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের উপ-পরিচালক শেখ মো. হাশেম আলী, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, মাদক ব্যক্তি, পরিবার ও সমাজের জন্য মারাত্মক হুমকি উল্লেখ করে মাদকমুক্ত সমাজ গঠনে আইন প্রয়োগের পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধি এবং সকলের সম্মিলিত অংশগ্রহণের আহ্বান জানান। এছাড়া মাদক বিরোধী দিবসে জামায়াতের যুব বিভাগের উদ্যোগে ‘মাদক মুক্ত দেশ চাই, সোনার বাংলা গড়তে চাই’ এ শ্লোগানে আন্তর্জাতিক মাদকবিরোধী দিবসে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। মদিক বিরোধী এই র্যালিতে জামায়াতের যুব বিভাগের নেতা-কর্মী ছাড়াও বিভিন্ন শ্রেণি পেশার মানুষ অংশ নেয়।

বিএনপি সরকার ব্যার্থ হওয়ার জন্য আসেনি- সংস্কৃতি মন্ত্রী নিতাই রায় চৌধুরী

বিএনপি সরকার ব্যার্থ হওয়ার জন্য আসেনি। এই সরকার সরাসরি জনগণের ভোটে নির্বাচিত সরকার। তাই আমরা ব্যার্থ হব না। আমরা দেশকে নতুন করে ঢেলে সাজাবো। ব্যার্থতার জায়গাগুলোকে আমরা চিহ্নিত করে জঞ্জাল পরিস্কার করে নতুন বাংলাদেশ তৈরী করব বলে জানিয়েছে সংস্কৃতি বিষয়ক মন্ত্রী এ্যাড. নিতাই রায় চৌধুরী।

গতকাল শুক্রবার সকালে ঝিনাইদহ জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বৃক্ষরোপন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন।

মন্ত্রী বলেন, বিগত ১৮ বছরে দেশের শিক্ষা, সংস্কৃতি, আইন, আর্থিক প্রতিষ্ঠানসহ সকল প্রতিষ্ঠান ধংস করা হয়েছিলো। সেগুলো নতুন জাগানোর চেষ্টা করা হচ্ছে। আমরা সেই জায়গাগুলোতে কাজ করছি। এদেশের সংস্কৃতি রক্ষায় বিশ্বের বিভিন্ন দেশের সাথে আমাদের কাজ চলছে।

জেলার শিল্পকলা একাডেমীতে নতুন করে সুস্থ ধারার যাত্রা আবারো শুরু হচ্ছে জানিয়ে মন্ত্রী বলেন, বিগত দিনের অশ্লীল যাত্রা বাদ দিয়ে জীবনমুখী যাত্রা আমরা শুরু করতে যাচ্ছি।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার সাংস্কৃতিক কর্মীদের সাথে মতবিনিময় করেন মন্ত্রী। জেলা প্রশাসক নোমান হোসেন, জেলা পরিষদের প্রশাসক এ্যাড. এম এ মজিদ, পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাসানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।